

- ১। গুরু সন্তোষ অন্তঃপুরে, বসে থাক মান জ্যোতির ঘরে।
তবের ঐহিক পর পুরুষ তোরে, ছোবেনা মন কোনক্রমে ॥
- ২। গুরু শাসন শাস্ত্রীর পায়, ভক্তি রেখ রে মন সদায়।
তবে বধুভাব হইবে উদয়, থাকবিরে মন শান্তিধামে ॥
- ৩। গুরুচিন্তা শঙ্খ শাড়ী, সাধ করে মন ধারণ করি।
গুরু কৃপা শয্যায় শয়ন করি, মজে থাক মন গুরুর প্রেমে ॥
- ৪। গুরু পতি করলে রমণ, পুত্র হবে মনের মতন।
ও তোর অনুরাগ হইবে নন্দন, কন্যা হবে ভক্তি নামে ॥
- ৫। তারকচাঁদের বাক্য ধর, গুরু পতির করণ কর।
স্বামী মহানন্দের দয়া বড়, অশ্বিনী কেন ডুবলি ভ্রমে ॥

১১৩ নং তাল-একতালা

হরিচাঁদ প্রেমের আগুন লাগল গায়,

আমার হৃদ কাননে আগুন লেগে, ধর্ম মন্দির দন্ধ হয়।

- ১। মন্দির পুণ্য ধন ছিল, ও তা পুড়ে ছাই হল,
আমার সাধন ভজন, গিন্টির গহনা সব পুড়ে গেল।
আমার ঘৃণা আসন, লজ্জা বসন গো,
এক কালে পুড়ে হল ভ্রম্ময় ॥
- ২। অনলের সহায় মন পবন, প্রেমের ঘট ঢালছে গুরুধন,
আমার হিংসা নিন্দা, মহিষ গভার মল অগণন।
ও সে কাম বাঘিনী ত্যজল জীবন গো,
ক্রোধ গজ পুড়ে ধরণী লোটায় ॥
- ৩। কুল মান পড়শী যারা, দেশ ছেড়ে পালাল তারা,
আমার মুক্তি বাগে আগুন লেগে, পুড়ে হয় সারা।
আমার যোগ নিদ্রা বিমাতা ছিল গো,
অষ্ট পাশ ছেড়ে মা, পালায়ে যায় ॥